"রাখিব নিরাপদ দেখাব আলোর পথ"

বাংলাদেশ জেল পাক্ষিক প্রকাশনা:

# কারা অধিদপ্তর আভ্যন্তরীণ সংবাদ প্রবাহ




সংখ্যা-১৪

১৬ জুন ২০২৫ হতে ৩০ জুন ২০২৫

## প্রশিক্ষণঃ

- ডেপুটি জেলার জনাব অর্পন চৌধুরী ১২ সপ্তাহ মেয়াদী কোর অব মিলিটারী পুলিশ সেন্টার এন্ড স্কুল,সাভার সেনানিবাসে Offrs'Mil Police Coursc-61 প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন।
- কারারক্ষী নং-১৫৪২৩ নাজমুল হোসেন সজীব বাংলাদেশ ইনফ্যান্টি রেজিমেন্টাল সেন্টার,রাজশাহী সেনানিবাসে ০৭ সপ্তাহ মেয়াদী ড্রিল ইনস্ট্রাক্টর কোর্স ডিআইসি -১৭ প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন।
- কারারক্ষী নং-১৫১৬৩ মোঃ আরিফুল ইসলাম ও কারারক্ষী নং-২২৯৯০ মোঃ ফজলে রাব্বী স্কুল অব মিলিটারী ইনটেলিজেন্স,কুমিল্লা সেনানিবাসে ০৮ সপ্তাহ মেয়াদী OR Basic Intelligence Course-29 প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন।
- কারারক্ষী নং-৩৩১১৯ মোঃ আবুল কাশেম পিন্টু ও কারারক্ষী নং-৩৩০০৬ মোঃ ফয়সাল আলী আর্মি স্কুল অব মিউজিক,চট্রগ্রাম সেনানিবাসে ১০৪ সপ্তাহ মেয়াদী মিলিটারী ব্যান্ড বেসিক কোর্স এমবিবিসি-২১ প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন।
- কারারক্ষী নং-১৫৪৩৩ কাউছার শেখ ১৭ সপ্তাহ মেয়াদী কোর অব মিলিটারী পুলিশ সেন্টার এন্ড স্কুল,সাভার সেনানিবাসে Corps of Mil Police Basic Coursc-61 প্রশিক্ষণে অংশগ্রহণ করবেন।
- কারা প্রশিক্ষণ কেন্দ্র রাজশাহীতে ০৬ জুলাই ২০২৫ তারিখ হতে সর্বপ্রধান কারারক্ষীদের সপ্তাহব্যাপী সর্বপ্রধান কারারক্ষীদের রিফ্রেসার্স কোর্স অনুষ্ঠিত হয়েছে।
- আগামী ২০-২১ জুলাই ২০২৫ তারিখ জেলার ভারপ্রাপ্ত রিফ্রেসার্স কোর্স সম্পন্নকারী কর্মকর্তাদের বিভাগীয় পদোন্নতি পরীক্ষা কারা প্রশিক্ষণ কেন্দ্র রাজশাহীতে অনুষ্ঠিত হবে।




## কারা মহাপরিদর্শকের নির্দেশনা ঃ

বন্দিদের নিরাপদ আটক নিশ্চিত করা, শৃঙ্খলা বজায় রাখা, বন্দিদের সাথে মানবিক আচরণ করা, যথাযথভাবে তাদের বাসস্থান, খাদ্য, চিকিৎসা, আত্মীয়-স্বজন ও আইনজীবীদের সাথে সাক্ষাৎ নিশ্চিত করা এবং একজন সুনাগরিক হিসেবে সমাজে পুনর্বাসন করার লক্ষ্যে প্রয়োজনীয় প্রেষণামূলক প্রশিক্ষণ প্রদান করার জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারীদের নির্দেশ প্রদান করা হয়েছে। সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদেরকে কারাগারের অনিয়ম, দুর্নীতি এবং মাদক থেকে বিরত থাকার জন্য কঠোরভাবে নির্দেশ প্রদান করেছেন

## অতিরিক্ত কারা মহাপরিদর্শক পদে পদোন্নতি

সুরক্ষা ও সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশক্রমে কারা উপ মহাপরিদর্শক জনাব মো: জাহাঙ্গীর কবির-কে অতিরিক্ত কারা মহাপরিদর্শক পদে পদোন্নতি প্রদান করা হয়েছে। পদোন্নতিপ্রাপ্ত অতিরিক্ত কারা মহাপরিদর্শককে ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোহাম্মদ মোতাহের হোসেন এনডিসি,পিএসসি র‍্যাঙ্ক ব্যাজ পড়িয়ে দেন।





কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-১, গাজীপুর বন্দিদের মাঝে পুরষ্কার বিতরণ।

## কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-১, গাজীপুর

কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-১, গাজীপুরে কারা কর্তৃপক্ষের উদ্যোগে বন্দিদের বিনোদন, মানসিক প্রশান্তি ও উৎসাহ বৃদ্ধির লক্ষ্যে নিরাপত্তা বজায় রেখে খেলাধুলার আয়োজন করা হয়। এছাড়াও ক্রিকেট, ফুটবল ও কেরাম খেলায় বিজয়ী প্রার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

## বরিশাল কেন্দ্রীয় কারাগার

২৫. ০৬. ২০২৫ তারিখ বরিশাল কেন্দ্রীয় কারাগারের একজন মহিলা হাজতি বন্দি নং-২১৫৯/২৫ ইশরাত জাহান স্মৃতী (২৫) এর বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় জরুরী রক্তের প্রয়োজন হলে নবীন কারারক্ষী মোঃ শাকিব স্বেচ্ছায় রক্তদান করেন ।



বরিশাল কেন্দ্রীয় কারাগারে কারারক্ষীর স্বেচ্ছায় রক্তদান



মানিকগঞ্জ জেলা কারাগারে বন্দিদের মাঝে ক্রিকেট খেলার আয়োজন

## মানিকগঞ্জ জেলা কারাগার

২১.০৬.২০২৫ তারিখে মানিকগঞ্জ জেলা কারাগারে কারাভ্যন্তরে কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতিতে বন্দিদের মাঝে ক্রিকেট খেলার আয়োজন করা হয়।



কিশোরগঞ্জ জেলা কারাগারে কারারক্ষীকে পুরস্কার প্রদান।

## কিশোরগঞ্জ জেলা কারাগার

কিশোরগঞ্জ জেলা কারাগারে কারাভ্যন্তরে বন্দিদের নিকট থেকে মাদক উদ্ধারে বিশেষ অবদান রাখায় স্টাফ দরবারে কিশোরগঞ্জ জেলা কারাগারের কারারক্ষী নং ১৫১৫৬ মোঃ ইলিয়াসকে ১০০০/-(এক হাজার) টাকার প্রাইজবন্ড উপহার প্রদান করেন।



নীলফামারী জেলা কারাগারে নবীন কারারক্ষীদের ফুল দিয়ে বরণ ও মিষ্টিমুখ করানো হয়।

## নীলফামারী জেলা কারাগার

নীলফামারী জেলা কারাগারের উদ্যোগে বুনিয়াদি প্রশিক্ষণ শেষে নবীন কারারক্ষীদের ফুল দিয়ে বরণ করা হয়।



ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ এর পক্ষ হতে মনিটর প্রদান।

## ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ

২৩. ০৬. ২০২৫ তারিখ ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ এর পক্ষ হতে গ্রানাডা ইসলামিক একাডেমী মাদ্রাসা, কোনাখোলা, কেরাণীগঞ্জের ছাত্রদের ক্লাসরুমে শিক্ষা কার্যক্রমে ব্যবহারের জন্য দুইটি ৪৩" সাইজের মনিটর প্রদান করা হয়েছে। সমাজের সুবিধা বঞ্চিত এবং এতিম ছাত্রদের মনিটর উপহার প্রদান করায় কারা কর্তৃপক্ষকে মাদ্রাসা কর্তৃপক্ষ ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জ্ঞাপন করেছেন।



কুষ্টিয়া জেলা কারাগারে কারা এলাকায় নারিকেল গাছের চারা রোপন।

## কুষ্টিয়া জেলা কারাগার

কুষ্টিয়া জেলা কারাগারে কারা কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতিতে কারা এলাকায় পতিত জায়গায় নারিকেল গাছের চারা রোপন করা হয়।



ঝিনাইদহ জেলা কারাগারে বন্দীদের আনন্দ / বিনোদনের জন্য ক্রিকেট খেলার আয়োজন।

## ঝিনাইদহ জেলা কারাগার

১৬. ০৬. ২৫ তারিখ ঝিনাইদহ জেলা কারাগারে কারা কর্তৃপক্ষের উদ্যোগে বন্দিদের বিনোদনের জন্য ক্রিকেট খেলার আয়োজন করেন।



টাঙ্গাইল জেলা কারাগারে শাড়ি বুননের তাঁতঘর পার্ট-২,শুভ উদ্বোধন ।

## টাঙ্গাইল জেলা কারাগার

২৮. ০৬. ২৫ তারিখ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব ফরিদা আখতার মহোদয় টাঙ্গাইল জেলা কারাগারে টাঙ্গাইল শাড়ি বুননের তাঁতঘর পার্ট-২,তাঁত যন্ত্র স্থাপন ও বন্দিদের তাঁতশিল্পের প্রশিক্ষণ কর্মসূচি এর শুভ উদ্বোধন ঘোষণা করেন। উক্ত উদ্বোধন অনুষ্ঠানে জেলা প্রশাসক টাঙ্গাইল মহোদয়,পুলিশ সুপার টাঙ্গাইল সহ উর্ধ্বতন কর্মকর্তাগন উপস্থিত ছিলেন।



নাটোর জেলা কারাগারে বন্দিদের মাঝে মাদকবিরোধী সচেতনতা সৃষ্টির লক্ষ্যে আলোচনা সভা।

## নাটোর জেলা কারাগার

২৯. ০৬. ২০২৫ তারিখ নাটোর জেলা কারাগারে জনাব আসমা খাতুন, বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নাটোর এর সভাপতিত্বে কারা বন্দিদের মাঝে মাদকবিরোধী সচেতনতা সৃষ্টির লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, নাটোর এর অংশগ্রহণে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।


ঠাকুরগাঁও জেলা কারাগারের পক্ষ থেকে এতিম ছাত্রদের মাঝে চাল, আম ও কাঁঠাল উপহার প্রদান।

## ঠাকুরগাঁও জেলা কারাগার

২৪. ০৬. ২০২৫ তারিখে ঠাকুরগাঁও জেলা কারাগারের পক্ষ থেকে জামিয়াতুল আবরার কওমি মাদ্রাসার এতিম ছাত্রদের মাঝে ১০০ (একশত) কেজি চাল, মৌসুমী ফল আম ও কাঁঠাল উপহার প্রদান করা হয়।

## কারা অধিদপ্তর কর্তৃক গৃহীত প্রশাসনিক ব্যবস্থা ঃ

- কুমিল্লা কেন্দ্রীয় কারাগারের জেলার, জনাব মোহাম্মদ মাহাবুবুল ইসলাম-কে (বর্তমানে উপ-তত্ত্বাবধায়ক হিসেবে পদায়নকৃত) অসদাচরণ ও পলায়ন করার অভিযোগে সরকারী চাকুরী হতে বরখাস্ত করা হয়।
- কুষ্টিয়া জেলা কারাগারে কর্মরত জেলার জনাব আব্দুল ফাত্তাহ ও কারারক্ষী নং-০৭২৬২ জাফর মাহামুদ শাকিল (বর্তমানে গাইবান্ধা জেলা কারাগার) এর বিরুদ্ধে পঞ্চগড় জেলা কারাগারে ২০১৮-২০২৪ আর্থিক সালের বিভাগীয় নিরীক্ষার প্রতিবেদনে সরকারী অর্থ আত্নসাৎ ও অনিয়মের অভিযোগে তাদের সাময়িক বরখাস্ত করা হয়েছে।
- কারারক্ষী নং-৪১৯৬৭ মো: সালাউদ্দিন আকন গত ১৭. ০৪. ২০২৫ তারিখ পটুয়াখালী জেলা কারাগার হতে তাৎক্ষনিক কর্মমুক্ত করত পঞ্চগড় জেলা কারাগারে বদলীর আদেশ প্রদান করা হলো। কর্তৃপক্ষের সাথে যোগাযোগ ব্যতিরেকে ২ মাস ১১ দিন অতিবাস করে ২৮. ০৬. ২০২৫ তারিখ কাজে যোগদানের জন্য পঞ্চগড় জেলা কারাগারে হাজির হয়। উক্ত অভিযোগে অভিযুক্ত হওয়ায় ২৮. ০৬. ২০২৫ তারিখ তাকে সামরিক বরখাস্ত করতঃ বিভাগীয় মামলা রুজু করা হয়েছে।
- চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগার থেকে প্রেষণে চাঁদপুর জেলা কারাগারে কর্মরত কারারক্ষী নং-২২৩১৬ মো: শামীম রেজাকে চট্টগ্রাম কারাগারে কর্মরত থাকাকালীন গেইট চাবীর দায়িত্ব পালনকালে অভিযুক্তের দেহ তল্লাশি করে ৪০০ গ্রাম গাঁজা পাওয়ার অভিযোগে কারারক্ষীকে চাকুরি থেকে (Dismissal From Service) করা হয়।
- বন্দির স্ত্রীর নিকট প্রতারনাপূর্বক অর্থ নেওয়ার অভিযোগে রংপুর কেন্দ্রীয় কারাগারের কারারক্ষী নং-০৭১৯২ মোঃ শামীম মিয়াকে সাময়িক বরখাস্ত করত গাইবান্ধা জেলা কারাগারে বদলি করা হয়েছে।
- গোপালগঞ্জ জেলা কারাগারে অফিসের গোপন তথ্য ও কথাবার্তা বাহিরে আদান প্রদান করার অভিযোগে কারারক্ষী নং-১৩৪২৮ উত্তম রায়কে খাগড়াছড়ি জেলা কারাগার, জামিনপ্রাপ্ত বন্দিদের নতুন মামলার ভয় দেখিয়ে অর্থ হাতিয়ে নেওয়ার অভিযোগে কারারক্ষী নং-১২৮৫২ মোঃ ফারুক হোসেন-কে গাইবান্ধা জেলা কারাগারে এবং সাংবাদিককে অর্থের বিনিময়ে কারাগারের নামে দুর্নীতির অসত্য রির্পোট করার অভিযোগে কারারক্ষী নং-১২৭৬৮ মোঃ আঃ আজিজ খানকে সিলেট কেন্দ্রীয় কারাগার-২, সিলেট বদলি করা হয়েছে।
- সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের এ সকল কর্মকান্ড হতে বিরত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।

  কারা মহাপরিদর্শক মহোদয়ের আদেশক্রমে বিভিন্ন বিভাগ হতে ০৬ (ছয়) জন সন্দেহভাজন মাদকাসক্ত কারারক্ষীদের কারা অধিদপ্তর, ঢাকা কর্তৃক তাদের ডোপ টেষ্ট করানো হয়। কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২,গাজীপুর কর্মরত ০১ (এক) জন কারারক্ষীর শরীরে Biochemistry Report-এ U. Amphetamines মাত্রাতিরিক্ত থাকার অভিযোগে তাকে বান্দরবান জেলা কারাগারে বদলি করা হয়েছে।
- উক্ত বিষয়সমূহ সকল পর্যায়ে সদস্যদের জ্ঞাতার্থে রোলকল/দরবারে পড়ে শুনানোর জন্য জন্য অনুরোধ করা হলো।

## বিভিন্ন কারাগার কর্তৃক গৃহীত কার্যক্রমের স্থিরচিত্র ঃ




নেত্রকোনা জেলা কারাগারে বন্দিদের মাঝে আম, জাম,ও কাঁঠাল বিতরণ।



শেরপুর জেলা কারাগারে স্টাফ ও বন্দিদের মাঝে আম ও কাঁঠাল বিতরণ।



মেহেরপুর জেলা কারাগারের ষ্টাফ ও  বন্দিদের মাঝে আম/কাঁঠাল বিতরণ।



সিরাজগঞ্জ জেলা কারাগারে বন্দিদের মাঝে আম বিতরণ।




পঞ্চগড় জেলা কারাগারে বন্দি ও স্টাফদের মাঝে  আম ,কাঁঠাল ও লিচু বিতরণ ।



নওগাঁ জেলা কারাগারে বন্দি ও স্টাফদের মাঝে আম ও কাঁঠাল বিতরণ।



চাঁদপুর জেলা কারাগারে বন্দিদের মাঝে মৌসুমী ফল আম, কাঁঠাল, ও ডেউয়া বিতরণ।



মুন্সিগঞ্জ জেলা কারাগারে ফল বিতরণ ও পিঠা উৎসব আয়োজন।

প্রকাশনায়: প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট।

বাংলাদেশ জেল